দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 MAR 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৬ ......

## মাদ্রাসা শিক্ষা বোর্ডের অবস্থা

দেশের একমাত্র মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের স্বেচ্ছাচারিতা দুর্নীতি চরম আকার ধারণ করিয়াছে। কিছুদিন পূর্বে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার নবায়ন বাবদ একশত টাকার ড্রাফট জমা দিতে গিয়া কাউন্টারে ২০ টাকা উৎকোচ প্রদান করার বিনিময়ে একখানা লাল রসিদ পাই। সেই লাল রসিদ লইয়া ঢাকায় ৪ বার গিয়াও নবায়নের কাগজ পাওয়া যায় নাই। এই ৪ দিনই নবায়ন প্রদানকারী কর্মকর্তা অফিসে অনুপস্থিত ছিলেন। কর্মকর্তারা অফিসে আসেন বা আসিলেও সিটে থাকেন বলিয়া মনে হয় না। তাহাছাড়া কর্মচারীদের বেপরোয়া কথা শুনিয়া অবাক হইয়াছি। মনে হইয়াছে, মাদ্রাসা শিক্ষা বোর্ডে আইন বলিয়া কিছু নাই। যে দেশে হাজার হাজার ঝুলন্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার একটির নবায়ন করিতে রংপুর হইতে ঢাকা ৪ বার গিয়াও নবায়ন করা সম্ভব হয় না, সেদেশে শিক্ষা ব্যবস্থার কি উন্নতি আশা করা যায়? কর্তৃপক্ষ উপরোক্ত বিষয়গুলির প্রতি নজর দিবেন কি?

—মোঃ খতিবুর রহমান, রাধানগর, বদরগঞ্জ, রংপুর।